দৈনিক বাংলা

তারিখ 17 OCT 1987
পৃষ্ঠা 1 ও ৫

4

# কমনওয়েলথ ভার্সিটির প্রস্তাব অনুমোদিত

ভ্যাংকুভর, ১৬ই অক্টোবর (পিটিআই) —একটি কমনওয়েলথ বিশ্ববিদ্যালয়ের ধারণা কমনওয়েলথ অনুমোদন করেছে।

চলতি বছরের জুলাইয়ে নাইরোবীতে অনুষ্ঠিত কমনওয়েলথ শিক্ষমন্ত্রী সম্মেলনে প্রস্তাবটি অনুমোদন করা হয়। এখানে শীর্ষ সম্মেলনে এটি বিপুল সমর্থন লাভ করে।

কিন্তু সরকারপ্রধানরা মনে করেন যে ধারণাটির উপর আরো কাজের প্রয়োজন রয়েছে। সুতরাং মহাসচিব শ্রীদাত রামফলের প্রতি এর উপর কাজ করতে একটি কমিটি গঠনের আহবান জানানো হয়েছে।

কানাডা বিশ্ববিদ্যালয়ের জন্য তহবিল ও একটি ভিত্তিদানের প্রস্তাব দিয়েছে। মাল্টাও বিশ্ব

(৫-এর পৃঃ দ্রঃ)

## অনুমোদিত

(১ম পৃঃ পর)

বিদ্যালয়ের জন্য জায়গা দেয়ার প্রস্তাব দিয়েছে।

বারবাডোসের প্রধানমন্ত্রী মিঃ লয়েড এরস্কাইন স্যান্ডিফোর্ড ধারণাটি চালু করেন। তিনি এর প্রশংসা করে বলেন যে এটি বাস্তবায়িত হলে কমনওয়েলথে বৃহত্তম সহযোগিতার ক্ষেত্রে পরিণত হবে।